

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস  
(পেমেন্ট সিস্টেমস ডিভিশন)  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা -১০০০

ডিসিএমপিএস সার্কুলার নং: ০২/২০১০

তারিখ: ২০ মাঘ, ১৪১৬  
০২ ফেব্রুয়ারি ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফশিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**Core Banking Solution (CBS) এবং আন্তঃ-শাখা সংযোগ নেটওয়ার্ক  
(Inter-branch Connectivity Network) স্থাপন প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে মতিঝিলে বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর Data Center (DC) ও মিরপুরে Disaster Recovery (DR) Center স্থাপনসহ পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নপূর্বক DC ও DR Center এর সাথে ব্যাংকগুলোর সংযোগ স্থাপন সমাপ্ত করেছে। আশা করা যায় যে অচিরেই ঢাকা শহরে BACH এর পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু হবে। এছাড়াও, বাংলাদেশ ব্যাংক e-Commerce Operations সম্পর্কিত নির্দেশনা প্রদানসহ মোবাইল পেমেন্ট কার্যক্রমের অনুমোদন প্রদান করেছে।

পেমেন্ট এন্ড সেটেলমেন্ট সিস্টেমস আধুনিকায়নের তথ্যপ্রযুক্তি নির্ভর এসকল উদ্যোগসমূহ সামগ্রিক কার্যপদ্ধতির উৎকর্ষ সাধনের মাধ্যমে পেমেন্ট এন্ড সেটেলমেন্ট সিস্টেমসকে করবে ফলপ্রসূ, সুদক্ষ, মূল্যসাশ্রয়ী এবং নিরাপদ। গৃহীত এসকল উদ্যোগের সুফল পেতে হলে বাংলাদেশে কার্যরত সকল তফশিলী ব্যাংকের জন্য Core Banking Solution (CBS) এবং আন্তঃ-শাখা সংযোগ নেটওয়ার্ক (Inter-branch Connectivity Network) স্থাপন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এমতাবস্থায়, যেসকল ব্যাংকের Core Banking Solution (CBS) এবং আন্তঃ-শাখা সংযোগ নেটওয়ার্ক (Inter-branch Connectivity Network) নেই, তাদেরকে ৩১ ডিসেম্বর ২০১০ এর মধ্যে Core Banking Solution (CBS) পরিগ্রহণ ও আন্তঃ-শাখা সংযোগ নেটওয়ার্ক স্থাপনের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। এছাড়াও, CBS ও আন্তঃ-শাখা সংযোগ নেটওয়ার্ক স্থাপন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতিভিত্তিক "ত্রৈমাসিক প্রতিবেদন" বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস (পেমেন্ট সিস্টেমস ডিভিশন) - এ প্রেরণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,



(টোথুরী মহিদুল হক)

নির্বাহী পরিচালক

ও

প্রকল্প পরিচালক, আরপিপি প্রকল্প

ফোনঃ ৭১৬৭৯৮৮